# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন

৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

ফোন ঃ ০২-২২৩৩৫৪০২৫; ই-মেইল ঃ dgmbcbd@krishibank.org.bd


নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)/ছেঁড়ানোট/২০২৩-২০২৪/০৮ তারিখঃ ০৪-০৭-২০২৩ খ্রিঃ

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমুহ
মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়
শাখা ব্যবস্থাপক, সকল শাখা
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ ব্যাংকের শাখা সমূহে ছেঁড়া-ফাটা ও ময়লা নোট গ্রহণ করা সংক্রান্ত নোটিশ স্থাপন প্রসংগে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট (ইস্যু হিসাব শাখা) হতে ২০ জুন ২০২৩ তারিখের ডিসিএম সার্কুলার লেটার নং- ০২/২০২৩ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ ব্যাংক এর বর্ণিত বিভাগের ১৪-০১-২০১৩ তারিখের পরিপত্র নং-ইহিশাঃ ২৩(পলিসি)/২০১৩-১৫ এর পরিশিষ্ট 'ক' এর ১ নং অনুচ্ছেদে ব্যাংকের সকল শাখায় জনসাধারনের সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে 'ছেঁড়া-ফাটা ও ময়লা নোট গ্রহণ করা হয়' মর্মে নোটিশ স্থাপন করার জন্য নির্দেশনা দেয়া হয়েছে। এছাড়াও জনসাধারণকে ছেঁড়া-ফাটা ও ময়লা নোট বিনিময় বিষয়ে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ হতে সময়ে সময়ে প্রয়োজনীয় নির্দেশনা দেয়া সত্ত্বেও বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন দল কর্তৃক আকস্মিক পরিদর্শনকালে বাংলাদেশ কৃষি ব্যাংকের বিভিন্ন শাখায় বিষয়টি যথাযথভাবে পরিপালন করা হচ্ছে না মর্মে অবহিত করা হয়েছে। ফলশ্রুতিতে, জনসাধারণ ব্যাংকের শাখাসমূহ হতে 'ছেঁড়া-ফাটা ও ময়লা নোট' বিনিময় সংক্রান্ত সুবিধা হতে বঞ্চিত হচ্ছে।

০৩। এমতাবস্থায়, সকল শাখাসমুহকে বাংলাদেশ ব্যাংকের ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট (ইস্যু হিসাব শাখা) এর ১৪-০১-২০১৩ তারিখের পরিপত্র নং-ইহিশাঃ ২৩(পলিসি)/২০১৩-১৫ এর পরিশিষ্ট 'ক' এর ১ নং নির্দেশনা মোতাবেক আবশ্যিকভাবে কাউন্টারের সামনে বা জনসাধারণের সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে 'ছেঁড়া-ফাটা ও ময়লা নোট গ্রহণ করা হয়' মর্মে ২০ ফন্টে রঙ্গিন কালিতে লিখিত নোটিশ অবিলম্বে স্থাপন করার ব্যবস্থা করা এবং পরিপত্রে বর্ণিত বিধিবিধান যথাযথ পরিপালনের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

সংযুক্তি ঃ ০১ (এক) পাতা।

০৪.০৭.২৩

(কে.এম.হাবিব-উন-নবী)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)/ছেঁড়ানোট/২০২৩-২০২৪/০৮ তারিখঃ ০৪-০৭-২০২৩ খ্রি ঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। পরিচালক, ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট (ইস্যু হিসাব শাখা) বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয় ঢাকা।
০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম্‌স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে উপরোক্ত পত্রটি বিকেবি, ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। নথি/মহানথি।

৪/৭/২০২৩

(মোঃ রাজু আহাম্মেদ)
সহকারী মহাব্যবস্থাপক

F:Khalafot/Circular-2

৫০১১৯

বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট
(ইস্যু হিসাব শাখা)

ডিসিএম সার্কুলার লেটার নং- ০২/২০২৩

তারিখঃ ০৬ আষাঢ়, ১৪৩০
২০ জুন, ২০২৩

**ব্যবস্থাপনা পরিচালক/ নির্বাহী প্রধান**
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**<u>তফসিলি ব্যাংকের শাখাসমূহে ছেঁড়া-ফাটা ও ময়লা নোট গ্রহণ করা সংক্রান্ত নোটিশ স্থাপন প্রসঙ্গে।</u>**

শীর্ষোক্ত বিষয়ে এ বিভাগের ১৪/০১/২০১৩ তারিখের পরিপত্র নং- ইহিশাঃ২৩(পলিসি)/২০১৩-১৫ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত পরিপত্রের পরিশিষ্ট-'ক' এর ১ নং অনুচ্ছেদে ব্যাংকের প্রত্যেক শাখায় জনসাধারণের সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে "ছেঁড়া-ফাটা ও ময়লা নোট গ্রহণ করা হয়" মর্মে নোটিশ স্থাপন করার জন্য নির্দেশনা দেয়া হয়েছে। কিন্তু, এ বিভাগ কর্তৃক বিভিন্ন সময়ে পরিচালিত আকস্মিক পরিদর্শন এবং গ্রাহকদের অভিযোগের ভিত্তিতে তফসিলি ব্যাংকের অধিকাংশ শাখা এতদ্‌সংক্রান্ত নোটিশ স্থাপন না করাসহ উক্ত পরিপত্রের অন্যান্য নির্দেশনা পরিপালন করছে না মর্মে পরিলক্ষিত হয়েছে। ফলশ্রুতিতে, জনসাধারণ তফসিলি ব্যাংকের শাখাসমূহ হতে ছেঁড়া-ফাটা ও ময়লা নোট বিনিময় সংক্রান্ত সুবিধা হতে বঞ্চিত হচ্ছে।

০৩। এমতাবস্থায়, আপনাদেরকে এ বিভাগ কর্তৃক ১৪/০১/২০১৩ তারিখে ইস্যুকৃত পরিপত্র নং- ইহিশাঃ ২৩(পলিসি)/ ২০১৩-১৫ এর পরিশিষ্ট-'ক' এর ১ নং অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী ব্যাংকের প্রত্যেক শাখায় **আবশ্যিকভাবে** কাউন্টারের সামনে বা জনসাধারণের সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে "ছেঁড়া-ফাটা ও ময়লা নোট গ্রহণ করা হয়" মর্মে ২০ ফন্টে রঙ্গিন কালিতে লিখিত নোটিশ অবিলম্বে স্থাপন করাসহ পরিপত্রে বর্ণিত বিধিবিধান যথাযথভাবে পরিপালনের জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ মোকসুদুজ্জামান)
পরিচালক (ডিসিএম)
ফোনঃ ৯৫৩০০৯০।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
নং............ তারিখ............
এজিএম..............................
পিও/এসপিও..............................
এসও/কর্মকর্তা..............................
উপ মহাব্যবস্থাপক